গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভান্ডার বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং ৬৫৫/নিঃপ্রঃ/ভাঃবিঃ/ঢাকা তারিখঃ ১৪/১১/২০১৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রকিউরমেন্ট অব স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট (২ টন ট্রাক মাউন্টেড)" শীর্ষক প্রকল্পের আওতায় উন্নয়ন খাতে জনবল নিয়োগের জন্য নিম্নে বর্ণিত জাতীয় বেতন স্কেলে কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নেবর্ণিত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য নিম্নোক্ত শর্তে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	গ্রেড ও মাসিক সাকুল্যে বেতন	বয়স অনুর্ধ্ব	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	অপারেটর ফর ডিস্যালিনেশন ইউনিট	১০	গ্রেড-১৬ ৯০৭৫/=	৩০ বছর	• এসএসসি/সমমান। • বাস্তব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। • অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে।
২।	ড্রাইভার কাম এসিস্টেন্ট অপারেটর	০৫	গ্রেড-১৬ ৯০৭৫/=	৩০ বছর	• অষ্টম শ্রেণী। • বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ ৩ বছরের ড্রাইভিং-এ অভিজ্ঞতা থাকতে হবে। • অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে।

শর্তাবলীঃ

(১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাসিন্দা হতে হবে।

(২) আবেদন পত্রে দরখাস্তকারীর (ক) পূর্ণ নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা, (ঙ) স্থায়ী ঠিকানা (ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদপত্রে উপজেলা ও জেলা উল্লেখ করতে হবে), (চ) জন্ম তারিখ, (ছ) শিক্ষাগত যোগ্যতার বিবরণী, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) নিজ জেলা, (ট) অভিজ্ঞতা ধারাবাহিকভাবে উল্লেখ পূর্বক **প্রকল্প পরিচালক, "প্রকিউরমেন্ট অব স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট (২ টন ট্রাক মাউন্টেড)" প্রকল্প, ৩য় তলা, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০** ঠিকানায় সরাসরি বা ডাকযোগে আবেদন পত্র ৩০/১১/২০১৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

(৩) আবেদন পত্রের সাথে সংযুক্ত প্রমাণাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করে সত্যায়িত করতে হবে, (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, (খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও নাগরিকত্বের সনদপত্রের ফটোকপি, (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৫(পাঁচ) কপি ছবি, (ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (ঙ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি ইত্যাদি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শণ করতে হবে।

(৪) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার/ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার এর নাম যুক্ত সীলমোহরকৃত ও স্বাক্ষরিত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

(৫) প্রার্থীর বয়স সীমা ৩০/১১/২০১৪ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। এছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

(৬) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর সনদপত্রের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে। আবেদন পত্রের খামের উপরে ''মুক্তিযোদ্ধার সন্তান'' কথাটি উল্লেখ করতে হবে।

(৭) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত আবেদনকারীকে নিজ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহনযোগ্য হবে না।

(৮) আবেদন পত্রের খামের উপরের অংশে মোটা অক্ষরে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

(৯) পরীক্ষার প্রবেশপত্র প্রেরণের সুবিধার্থে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৫/= (পাঁচ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত ৪"X ১০" সাইজের ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(১০) প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক পরীক্ষা বা সাক্ষাৎকার গ্রহণের জন্য পত্র মারফত জানানো হবে।

(১১) নিয়োগের জন্য নির্বাচিত হলে তাহার শারিরীক যোগ্যতার স্বপক্ষে সিভিল সার্জন এর নিকট হতে ''চাকুরীর জন্য উপযুক্ত'' মর্মে ডাক্তারী সনদপত্র দাখিল করতে হবে। অন্যথায় যোগদানপত্র গ্রহণ করা হবে না।

(১২) নিয়োগের জন্য নির্বাচিত হলে পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরুপ মন্তব্য থাকলে নিয়োগ বাতিল করা হবে।

(১৩) প্রকল্পের মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে এ নিয়োগ বাতিল বলে গন্য হবে।

(১৪) আবেদনপত্র সরাসরি গ্রহণের এবং ডাকযোগে পৌছানোর শেষ তারিখ ৩০/১১/২০১৪ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) উক্ত তারিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহন করা হবে না।

(১৫) বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।

(১৬) আবেদন পত্রের সাথে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য), প্রকল্প পরিচালক, "প্রকিউরমেন্ট অব স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট (২ টন ট্রাক মাউন্টেড)". প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে সংযুক্ত করতে হবে।

(১৭) কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১৮) লিখিত পরীক্ষা বা সাক্ষাতকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

10/11/14

নির্বাহী প্রকৌশলী, জঃস্বাঃপ্রঃঅঃ
ভান্ডার বিভাগ, ঢাকা
ও
সদস্য সচিব
প্রার্থী বাছাই ও সুপারিশ কমিটি।

স্মারক নং ৬৫৫/১(৮০)/নিঃপ্রঃ/ভাঃবিঃ/ঢাকা

তারিখঃ ১০/১১ /২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(পরিকল্পনা/পূর্ত/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপ-প্রধান, পরিকল্পনা-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, "প্রকিউরমেন্ট অব স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট (২ টন ট্রাক মাউন্টেড)" প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক,.. প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,........................ সার্কেল,..............।
৮। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,........................ বিভাগ,..............।
৯। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, এম আই এস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১২। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।

10/11/14

(মোঃ আবদুল মোন্নাফ)
নির্বাহী প্রকৌশলী, জঃস্বাঃপ্রঃঅঃ
ভান্ডার বিভাগ, ঢাকা
ও
সদস্য সচিব
প্রার্থী বাছাই ও সুপারিশ কমিটি।